

## 11185 - যে নারী অনাদায়কৃত রোযাগুলোর কাযা পালন করেনি

---

### প্রশ্ন

মাসিকের কারণে আমার যে রোযাগুলো ছুটে গেছে আমি সেগুলোর কাযা পালন করিনি। আমি হিসাব করতে পারছি না। এখন আমি কী করব?

### প্রিয় উত্তর

মুসলিম বোন, আপনার উচিত রোযার সংখ্যা নির্ধারণে সচেষ্টি হওয়া। প্রবল ধারণা অনুযায়ী আপনি যতটি রোযা রাখেননি সে সংখ্যক রোযা রাখা এবং আল্লাহর কাছে তাওফিক চেয়ে দোয়া করা। আল্লাহ তাআলা বলেন: "আল্লাহ কাউকে তার সাথের বাইরে দায়িত্বারোপ করেন না।" [সূরা বাক্বারা, ২:২৮৬] আপনি সচেষ্টি হোন, নিজের ব্যাপারে সতর্কতা অবলম্বন করুন; যাতে করে আপনার কাছে যে সংখ্যার ব্যাপারে প্রবল ধারণা হয় যে, আপনি এ রোযাগুলো রাখেননি সে রোযাগুলো রাখুন এবং আল্লাহর কাছে তাওবা করুন।

আল্লাহুই তাওফিকদাতা।